

শোক সংবাদ

ড. জাহিরুল ইসলাম



স্টাফ রিপোর্টার ।
কানাডা প্রবাসী বীর
মুক্তিযোদ্ধা, কৃষি
বিজ্ঞানী, একাত্তরের
গেরিলা গ্রুপের লেখক
ড. জাহিরুল ইসলাম
(৬৫) আর নেই।

দীর্ঘদিন দুরারোগ্য ক্যান্সারে ভুগে রবিবার
বাংলাদেশ সময় রাত ২টায় টরেন্টোর বে
ক্রেন্ট হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস
ত্যাগ করেছেন (ইন্নালিল্লাহি... রাজিউন)।
তিনি স্ত্রী, ১ পুত্র ও ১ কন্যা রেখে
গেছেন। ড. জাহিরুল ইসলাম ১৯৭৩
সালে তৎকালীন বাংলাদেশ কৃষি
ইনস্টিটিউট থেকে স্নাতক পাস করে
লন্ডনে ইম্পেরিয়াল কলেজ থেকে
কীটতত্ত্ব বিষয়ে এমএস ও পিএইচডি
ডিগ্রী অর্জন করেন। পেশাগত জীবনে
তিনি দীর্ঘদিন বাংলাদেশ ধান গবেষণা
ইনস্টিটিউটে কর্মরত ছিলেন এবং ধানের
সমসিত রোগ-ঝলাই ব্যবস্থাপনা বিষয়ে
অনেক গবেষণা রেখে গেছেন। মহান
মুক্তিযুদ্ধে তিনি সক্রিয় অংশগ্রহণ করেন
এবং গেরিলাযুদ্ধে তার প্রত্যক্ষ
অভিজ্ঞতার কথা ১৯৯৪ সালে জনকণ্ঠ
পত্রিকায় 'একাত্তরের গেরিলা' নামে
ধারাবাহিকভাবে প্রকাশ করা হয়। ১৯৯৫
সালে অনুপম প্রকাশনী হতে এটি বই

আকারে প্রকাশিত হয়। প্রধানন্ত্রী শেখ
হাসিনা এবং জাতীয় সংসদের স্পীকার ড.
শিরীন শারমিন চৌধুরী তার মৃত্যুতে
গভীর শোক প্রকাশ করেছেন। তাঁরা
মরহমের বিদেহী আত্মার মাগফেরাত
কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের
প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।